



## চেলসিকে হারিয়ে এফএ কাপ জিতল ম্যানচেস্টার সিটি



ছবি: সংগৃহীত

ওয়েস্টহামিতে এফএ কাপের ফাইনালে চেলসিকে ১-০ গোলে হারিয়ে শিরোপা জিতেছে ম্যানচেস্টার সিটি। ম্যাচের একমাত্র গোলটি আসে ৭২ মিনিটে, যেখানে আর্লিং হলান্ডের ক্রস থেকে বল পেয়ে ব্যাকহিলে জাল খুঁজে নেন আন্তোয়ান সেমেনিও। তার এই চমৎকার গোলই ফাইনালের ভাগ্য নির্ধারণ করে দেয়। ম্যাচে শুরু থেকেই দুই দলই সতর্ক ছিল। বড় কোনো ঝুঁকি না নিয়ে ধীরে এগোতে থাকে খেলা। চেলসির এনজো ফার্নান্দেজ, জোয়াও পেদ্রো ও লিয়াম ডেলাপ সুযোগ পেলেও গোল করতে পারেননি। অন্যদিকে সিটির আক্রমণও প্রথমার্ধে খুব একটা ধারালো ছিল না।

দ্বিতীয়ার্ধে সেমেনিওর গোলের পর ম্যাচের গতি বাড়ে। রায়ান চেরকি একটি শক্তিশালী শট নিলেও চেলসি গোলকিপার রবার্ট সানচেজ তা রুখে দেন। মাতেউস নুনেসের আরেকটি প্রচেষ্টা পোস্টে লেগে ফিরে আসে।

এই জয়ে ম্যানচেস্টার সিটি নিজেদের ইতিহাসে অষ্টমবার এফএ কাপ জিতল। একই মৌসুমে লিগ কাপ জয়ের পর ঘরোয়া ডাবল পূর্ণ করল পেপ গার্ডিওলার দল। প্রিমিয়ার লিগেও শিরোপা দৌড়ে তারা এখনও আর্সেনালের কাছাকাছি অবস্থানে রয়েছে।

অন্যদিকে চেলসির ফাইনাল দুর্ভাগ্য যেন কাটছেই না। এটি তাদের ঘরোয়া কাপ ফাইনালে টানা সপ্তম হার, যার মধ্যে এফএ কাপ ফাইনালেই চারটি। অস্থির মৌসুম শেষে আবারও শূন্য হাতেই ফিরতে হলো লন্ডনের ক্লাবটিকে।